



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ভবন  
৮২ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.০০০.৪০৪.১৮.০০১.২৬- ০৬

তারিখঃ ২৫ জৈষ্ঠ ১৪৩৩  
০৮ জুন ২০২৬

অফিস আদেশ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য আধুনিক মানবসম্পদ ব্যবস্থাপনা নিশ্চিতকরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) বাস্তবায়নাধীন রয়েছে। সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ২১ অনুযায়ী ইলেকট্রনিক পদ্ধতিতে সকল কর্মকর্তা/কর্মচারীদের চাকরি সংক্রান্ত তথ্য সংরক্ষণ আবশ্যিক। এছাড়াও, ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে কর্মরত সরকারি চাকরি আইন, ২০১৮ এর আওতাভুক্ত ১-২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য GEMS-এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

এমতাবস্থায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীদের তথ্য ডিভিশন/শাখা ভিত্তিক সংযুক্ত ছকে সফটকপি ই-মেইল: [nha.computercell@gmail.com](mailto:nha.computercell@gmail.com) এ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ হার্ডকপি আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

স্বাঃ

(সোহেল মিয়া)  
প্রোগ্রামার (কম্পিউটার সেল)  
+৮৮০২৭১১৫৪২২  
[programmer@nha.gov.bd](mailto:programmer@nha.gov.bd)

স্মারক নং - ২৫.৩৮.০০০০.০০০.৪০৪.১৮.০০১.২৬- ০৬/১(২২)

তারিখঃ ২৫ জৈষ্ঠ ১৪৩৩  
০৮ জুন ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ১। সদস্য (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা;
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ;
- ৩। পরিচালক, (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ;
- ৫। উপ পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)/(অর্থ ও হিসাব)/ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১/২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৬। উপ বিভাগীয় প্রকৌশলী (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ;
- ৭। সহকারী পরিচালক (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৮। সহকারী প্রকৌশলী (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৯। সহকারী প্রোগ্রামার, (কম্পিউটার সেল) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ১০। প্রশাসনিক কর্মকর্তা (সকল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ;
- ১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ৮২ সেগুনবাগিচা, ঢাকা; (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(সোহেল মিয়া)  
প্রোগ্রামার (কম্পিউটার সেল)